গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

স্মারক নং-৫৮.০৩.০০০০.০০২.১১.০০১.১৯- ২৩৭০

তারিখ ২৮.১১./১৪২৫বঙ্গাব্দ।
১২.০৩./২০১৯খ্রিস্টাব্দ।

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত উল্লিখিত শর্তাবলি ও যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশি "অবিবাহিত" নাগরিকদের নিকট হতে দরখাস্ত/আবেদন আহবান করা যাচ্ছেঃ-

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল/গ্রেড (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | ফায়ারম্যান (পুরুষ)<br>৮৮০০-২১৩১০/- (গ্রেড-১৮) | ৫৭২টি | ক) স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড হতে কমপক্ষে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) শারীরিক যোগ্যতাঃ-<br>উচ্চতাঃ ৫ ফুট ৪ ইঞ্চি ন্যূনতম<br>বুকঃ ৩২ ইঞ্চি ন্যূনতম<br>গ) শারীরিক গঠন ত্রুটিমুক্ত হতে হবে। | সকল জেলা |
| ২. | ডুবুরি (পুরুষ)<br>৮৮০০-২১৩১০/- (গ্রেড-১৮) | ১১টি | | |
| | সর্বমোট= | ৫৮৩ টি | | |

### আবেদনের শর্তাবলিঃ

১. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

২. সকল প্রার্থীকে অনলাইনে আবেদন করতে হবে। আবেদনকারীর বয়সসীমা ০১/০৩/২০১৯খ্রিঃ তারিখে ১৮ হতে ২০ বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। কিন্তু মুক্তিযোদ্ধার সন্তানের সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য নয়। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩. **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি:-**

ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক ব্যক্তি http://fscd.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৫/০৩/২০১৯ খ্রিঃ, সকাল- ১০:০০ টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৭/০৩/২০১৯ খ্রিঃ, বিকাল- ০৫:০০ টা।

iii. উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ kb ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ kb এর মধ্যে হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই প্রদানকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. <u>**SMS** প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:</u>

Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট বা download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ৫০/- টাকা, Teletalk চার্জ বাবদ ৬/- টাকা মোট ৫৬/- টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। **এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।**

প্রথম SMS: FSCD <space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: FSCD ABCDEF

Reply: Applicant's Name, Tk-56/- will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type FSCD <Space> Yes <Space> PIN and send to 16222.

দ্বিতীয় SMS: FSCD <space> Yes <space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: FSCD YES 12345678

*Reply:* *Congratulations Applicant's Name, payment completed successfully for FSCD Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).*

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://fscd.teletalk.com.bd **ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে** SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online **আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা,** SMS **পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।**

ছ. **SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download করে রঙিন Print বের করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।**

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে FSCD<space>Help<space>User<space>User ID & Send to 16222.
   Example: FSCD Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে: FSCD<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
   Example: FSCD Help PIN 12345678 & send to 16222.

৪. আবেদনকারী প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক শারীরিক যোগ্যতা (দৌড়-ঝাপ), **লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। কেবলমাত্র মৌখিক পরীক্ষার** জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় আবেদনপত্রে উল্লেখিত তথ্যাদির সঠিকতা প্রমাণের জন্য সনদ বা প্রমাণ পত্রের মূলকপি ***( সকল শিক্ষাগত যোগ্যতার সনদ,*** বয়স প্রমাণের জন্য ***জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ,*** পৌর মেয়র/কমিশনার/ইউপি চেয়ারম্যান কর্তৃক ***নাগরিকত্ব সনদ ও অবিবাহিত সনদ,*** মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে ***মুক্তিযোদ্ধা সাময়িক সনদ, গেজেট, মুক্তিবার্তা, মুক্তিযোদ্ধা সংসদের সনদ, পৌর মেয়র/কমিশনার/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়ন পত্র*** এবং বিশেষ কোটার প্রার্থীদের ক্ষেত্রে ***যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র)*** প্রদর্শন করতে হবে এবং ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদসহ সকল সনদ বা প্রমাণপত্রের ০১ (এক) সেট ফটোকপি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) জমা দিতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবি সম্বলিত সীল থাকতে হবে।

৫. অস্পষ্ট/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

৬. সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতি স্বাপেক্ষে আবেদন করতে হবে এবং তাদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য নয়।

৭. উক্ত পদের জন্য শারীরিক যোগ্যতা যাচাই, লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। শারীরিক যোগ্যতা যাচাই, লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণের তারিখ, সময় ও স্থান SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে। এছাড়া বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ওয়েবসাইটে (**www.fireservice.gov.bd**) প্রকাশ করা হবে।

৮. কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে (স্থায়ী ঠিকানা, দাখিলকৃত সনদপত্র, আবেদনপত্রে উল্লিখিত অন্যান্য তথ্য, কোটা প্রমাণের তথ্যাদি) চাকুরিতে নিয়োগ প্রাপ্ত হলে এবং পরবর্তীতে যেকোন সময় তা প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯. নিয়োগপ্রাপ্তগণ ডাক্তারি স্বাস্থ্য পরীক্ষায় অযোগ্য ঘোষিত হলে/ডোপিং টেস্ট রিপোর্ট সন্তোষজনক না হলে নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।


১০. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান কোটা, বিধি-বিধান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি অনুসরণ করা হবে।

১১. প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার যাতায়াত ভাতা (TA) ও দৈনিক ভাতা (DA) প্রদান করা হবে না।

১২. পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি, আবেদনপত্র গ্রহণ/বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো আপত্তি উত্থাপন করা যাবে না।

১৩. যে কোন তথ্য ও কারিগরি সহযোগিতার জন্য Teletalk Customer Care-এ যোগাযোগ অথবা Teletalk মোবাইল থেকে 121 এ ফোন করা যেতে পারে।

১৪. **গাড়ি চালনায় হালকা ড্রাইভিং লাইসেন্সধারীদের অগ্রাধিকার দেয়া হবে।**




মোঃ হাবিবুর রহমান
পরিচালক (প্রশাঃ ও অর্থ)
ও
সভাপতি
বিভাগীয় নিয়োগ/পদোন্নতি কমিটি